গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাটোর সদর, নাটোর

## নাটোর সদর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির ডিসেম্বর/২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ জেসমিন আকতার বানু, উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটার।

সভার তারিখ ঃ ১১/১২/২০১৭ খ্রিঃ

সময় ঃ সকাল ঃ ১১.৪৫ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, নাটার সদর, নাটার।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় গত মাসের কার্যবিবরণী উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যগণের মতামত আহবান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বিভিন্ন আলোচনা ও সিদ্ধান্তসমূহ ঃ**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>বিগত সাভার কার্যবিবরণী দৃঢ়করণঃ-<br>সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কারও কোন আপত্তি সংযোজন, বিয়োজন বা সংশোধনের কোন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।</td><td>কার্যবিবরণীতে কোন আপত্তি,সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।</td><td></td></tr>
<tr><td>০২</td><td>সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ সম্পর্কে পর্যালোচনা<br>(ক) অপরাধ চিত্র সংক্রান্তঃ<br>সভাপতি গত মাসের সংঘটিত অপরাধ চিত্রের নিম্নরূপ প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>অপরাধ চিত্রের তুলনামূলক প্রতিবেদন (ডিসেম্বর/১৭)
<table>
<tr><th rowspan="2">উপজেলার নাম</th><th rowspan="2">অপরাধ (নভেম্বর/১৭ )</th><th colspan="9">গুরুতর অপরাধ সমূহ</th></tr>
<tr><th>খুন</th><th>চুরি</th><th>চোরা চালান</th><th>মাদক</th><th>নারী ও শিশু নির্যাতন</th><th>অস্ত্র মামলা</th><th>মটর দুর্ঘটনা</th><th>এসিড নিক্ষেপ</th><th>অন্যান্য</th></tr>
<tr><td>নাটোর সদর</td><td>৫৬</td><td>-</td><td>০৬</td><td>২</td><td>৩৫</td><td>০২</td><td>-</td><td>-</td><td>-</td><td>১১</td></tr>
</table>
সভাপতি সভায় আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট করতে হবে। তিনি বিভিন্ন অনুষ্ঠান অনুষ্ঠান/সভা-সেমিনার /প্রতিষ্ঠান দর্শন-পরিদর্শনকালে মূল বক্তব্যের পাশাপাশি জঙ্গীবাদ, সন্ত্রাস ও নাশকতা বিরোধী উদ্বুদ্ধমূলক বক্তব্য প্রদান অব্যহত রাখার জন্য সকলকে অনুরোধ করেন।</td><td>(ক) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) বিভিন্ন অনুষ্ঠা ন/সভা-সেমিনার/প্রতিষ্ঠান দর্শন-পরিদর্শনকালে মূল বক্তব্যের পাশাপাশি জঙ্গীবাদ, সন্ত্রাশ ও নাশকতা বিরোধী উদ্বুদ্ধমূলক বক্তব্য প্রদান অব্যাহত হবে।</td><td>ক) অফিসার্স ইনচার্জ, নাটোর সদর থানা।<br>খ) সহকারী কমিশনার (ভূমি)<br>গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সকল।</td></tr>
</table>

C:\Users\User\Desktop\New folder\Law & order.doc

<table>
<tr>
<td>০৩</td>
<td>আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে আলোচনাঃ<br>নারী ও শিশু নির্যাতন সংক্রান্তঃ<br>নাটোর সদর উপজেলায় ডিসেম্বর/১৭ মাসে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল এর সভা অনুষ্ঠিত হয়েছে।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>উপজেলার নাম</th><th>বিবেচ্য মাসে নারী নির্যাতন প্রতিরোধ কমিটি কর্তৃক উদ্বুদ্ধমূলক সভার সংখ্যা</th><th>বিবেচ্য মাসে কতজন নির্যাতিত নারীকে আইন সহায়তা প্রদান করা হয়েছে।</th></tr>
<tr><td>০১</td><td>নাটোর সদর</td><td>০২</td><td>০৫</td></tr>
</table>
</td>
<td>ক) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি সভা নিয়মিত করতে হবে।<br><br>খ) এ উপজেলায় যেন বাল্যবিবাহ প্রতিরোধ কল্পে কাজীদের নির্দেশনা প্রদান করা হয় এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অগ্রনীভূমিকা পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br><br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সকল।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>মাদক দ্রব্য স্বাভাবিক রাখার বিষয়ে আলোচনাঃ<br>পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নাটোর এর সার্কেল ইন্সপেক্টর সভায় জানান যে, ডিসেম্বর/১৭ খ্রিঃ মাসে মোট ৭৫ টি অভিযানে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২১ টি মামলা রুজু হয়েছে এবং ২৩ জন গ্রেফতার হয়েছে। তিনি আরো জানান যে, আলোচ্য মাসে গাঁজা ১ কেজি ২২০ গ্রাম, ইয়াবা ১০৫ পিচ, ফেনসিডিল ১৪৬ বোতল, হেরোইন ০৮ গ্রাম, চোলাইমদ ১০.২৫০ লিটার ও মোবাইল ফোনসেট ৪টি জব্দ করা হয়। সভাপতি মাদকদ্রব্য উদ্ধার করতঃ মাদক ব্যবসায়ী ও মাদক সেবীদের গ্রেফতার করার উপর গুরুত্ব আরোপ করেন।<br>• চেয়ারম্যান ছাতনী, তার ইউনিয়নে বিভিন্ন স্থানে মাদক সেবী ও মাদক ব্যবসায়ীদের উপদ্রব চরম আকারে বেড়েছে মর্মে সভায় জানান।<br>• চেয়ারম্যান হরিশপুর সভায় জানান যে, মাদক ও ইয়াবা ইউনেয়নের যুব সমাজের জীবন দূর্বিসহ করে তুলছে। তিনি পিটিআই মোড় হতে জাঠিয়ান পর্যন্ত পুলিশি টহলের ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া প্রতিটি বিদ্যালয়ে মাদকের কুফল সম্পর্কে ছাত্র-ছাত্রীদের রচনা প্রতিযোগীতা ও প্রতিটি ইউনিয়নে মাদক বিরোধী ফুটবল টুর্নামেন্ট আয়োজনের প্রস্তাব করেন।<br>• মাননীয় প্রধানমন্ত্রীর অন্যতম প্রয়াস মাদক দমনে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার জন্য সভাপতি সভায় অনুরোধ করেন।</td>
<td>১। মাদক দ্রব্য উদ্ধার, মাদকদ্রব্য ব্যবহারের কুফল ও প্রতিটি বিদ্যালয়ে একটি করে সভা করতে হবে।<br><br>২। প্রতিটি বিদ্যালয়ে মাদকের কুফল সম্পর্কে রচনা প্রতিযোগীতার আয়োজন করতে হবে।<br><br>৩। মাদক পাচার ও বিক্রয় বন্ধের অভিযান জোরদার করতে হবে।</td>
<td>১। পরিদর্শক, মদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নাটোর।<br>২। অফিসার ইনচার্জ, নাটোর সদর।<br>৩। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।<br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর সদর।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>সন্ত্রাস ও জঙ্গীবাদ ও নাশকতা বিষয়ে আলোচনাঃ<br>সভায় সভাপতি প্রত্যেক ইউনিয়নে ইউনিয়নে সন্ত্রাস জঙ্গিবাদ কমিটির সভা করার বিষয়ে আলোচনা করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতিটি জেলা ও উপজেলায় ইসলামীক ফাউন্ডেশনের কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি মসজিদে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিষয়ে জুম্মার নামাজে খুৎবা পূর্ব আলোচনার বিষয়সহ সার্বিক তথ্য আগামী সভায় উপস্থানের জন্য ফিল্ড সুপার ভাইজার, ইসলামী ফাউনডেশনকে অনুরোধ করেন। ইমাম, মুয়াজ্জিম ও ওয়াজ মাহফিলের বক্তাদের সন্ত্রাস, জঙ্গীবাদ, সন্ত্রাস ও নাশকতা ও মাদক বিরোধী বক্তব্য প্রদানে উদ্বুদ্ধ করার জন্য সভায় অনুরোধ করেন।<br>অফিসার ইন চার্জ (তদন্ত), নাটোর সদর থানা সভায় জানান, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে প্রতিটি ইউনিয়নে ও শহরের গুরুত্বপূর্ণ স্থানে পুলিশি অভিযান জোদার করা হয়েছে। প্রতিদিন ০২টি গাড়ি পেট্রোল ডিউটিতে পিটিআই হয়ে বিভিন্ন এলাকায় ও শহরে অভিযান চালয়। সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে পুলিশসহ আইন শৃংখলা বাহিনী সচেতন রয়েছে। তবে সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন।<br>চেয়ারম্যান লক্ষীপুর খোলাবাড়িয়া ও তেবাড়িয়া সভায় জানান, বিভিন্ন এলাকায় গরু ও মটর সাইকেল চুরির প্রবনতা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। গত কয়েকদিনে লক্ষিপুর খোলাবাড়িয়া ইউনিয়নে ১৯টি মটর সাইকেল চুরি হয়েছে। দুঃখের বিষয় এহেন আইন শৃংখলা অবনতির পরেও পুলিশের আরও জোরালো ভূমিকা গ্রহনের জন্য সভায় মত প্রকাশ করেন।</td>
<td>ক) সার্বিক আইন-শৃংখলা উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যহত রাখতে হবে<br><br>খ)প্রতিটি ইউ,পিতে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী সভা করতে হবে<br><br>গ)সন্ত্রাসের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে এবং চুরি সহ সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে অপরাধ প্রবণ এলাকায় পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।</td>
<td>ক) অফিসার ইনচার্জ, নাটোর সদর।<br>খ) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৬ | বিবিধঃ- সভাপতি সভায় ০২ ফেব্রুয়ারি/১৮ অনুষ্ঠিত পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের চেষ্টা ও প্রশ্ন পত্র ফাঁস প্রতিরোধ ও পরীক্ষার কেন্দ্রে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে বিশদ আলোচনা করেন। এবাং এ ব্যপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।<br><br>০২। বর্তমানে প্রতিটি ইউনিয়নে অবৈধভাবে পুকুর খননের প্রক্রিয়া চলমান রয়েছে। এ ব্যপারে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণ সক্রিয় ভূমিকা পালন করবেন। এবং মোবাইল কোর্ট করা সহ অফিসার ইন চার্জকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | প্রশ্নপত্র ফাঁস প্রতিরোধ ও পরীক্ষার কেন্দ্রে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>অবৈধভাবে পুকুর খনন যেন না করতে পারে এ ব্যপারে সচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধন্ত গৃহিত হয়। | ক) আফিসার ইনচার্জ, নাটোর সদর, নাটোর।<br>খ) অফিসার ইন চার্জ।<br>গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সকল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্হিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/২২/২৭

মোছাঃ জেসমিন আকতার বানু
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃংখলা কমিটি
নাটোর সদর, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারর কার্যালয়
নাটোর সদর, নাটার।

স্মারক সংখ্যাঃ ০৫.৪৩.৬৯৬৩.০০০.০৬.০০২.১৬-২৩-(৫০)

তারিখ ঃ ১৫ মাঘ ১৪২৪
১৮ জানুয়ারী,২০১৮

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থ ঃ

১. মাননীয় সংসদ সদস্য, ৫৯, নাটোর-২।
২. জেলা প্রশাসক, নাটোর।
৩. পুলিশ সুপার, নাটোর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর, নাটোর।
৫. মেয়র, নাটোর পৌরসভা, নাটোর।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থ/ কার্যার্থ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাটোর সদর, নাটোর।
২. অফিসার ইন চার্জ, নাটোর সদর থানা, নাটোর।
৩. উপজেলা ..............................অফিসার, নাটোর সদর, নাটোর।
৪. চেয়ারম্যান, ......................... ইউপি(সকল), নাটোর সদর, নাটোর।
৫. ..........................................................................................
..........................................................................................
৬. অফিস কপি।

মোছাঃ জেসমিন আকতার বানু
উপজেলা নির্বাহী অফিসার
নাটোর সদর, নাটোর।

C:\Users\User\Desktop\New folder\Law & order.doc